

স্মারক নং: উমাশিক্ষা/শৈল/২৫/২০

তারিখ: ০৪/০২/২০২৫ খ্রি.

সভার নোটিশ


আগামী ০৬/০২/২০২৫ খ্রি তারিখে বিকাল ৩.৩০ ঘটিকায় উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের অফিস কক্ষে মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কমিটির সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় কমিটির একজন সম্মানিত সদস্য হিসেবে যথাসময়ে উপস্থিত হবার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য সূচী

০১. সমন্বিত উপবৃত্তি কার্যক্রমের সেমিনার সুষ্ঠুভাবে পরিচালনা সংক্রান্ত
০২. সকল শিক্ষা প্রতিষ্ঠানে মাদক ও আত্মহত্যার বিষয়ে সচেতনতা মূলক সেমিনারের আয়োজন
০৩. শিক্ষা প্রতিষ্ঠানে নিয়মিত পরিদর্শন জোরদারকরণ
০৪. সকল শিক্ষা প্রতিষ্ঠানে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন করা
০৫. বিবিধ।

প্রাপক:

- ০১। চেয়ারম্যান, সারুটিয়া/ মনোহরপুর ইউনিয়ন পরিষদ, শৈলকুপা;
- ০২। প্রশাসক, কীচেরকোল ইউনিয়ন পরিষদ, শৈলকুপা;


মোঃ সুলতান আলী
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত)
ও
সদস্য সচিব
মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কমিটি
শৈলকুপা, ঝিনাইদহ।
ফোন: ০২৪৭৭-৭৪৯৮৯৭

সদয় অবগতির জন্য :

- ০১। উপজেলা নির্বাহী অফিসার, শৈলকুপা, ঝিনাইদহ।

ফেব্রুয়ারি ২০২৫ খ্রিঃ মাসের অনুষ্ঠিত শৈলকুপা উপজেলার পরিষদ এর মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কমিটির সভার কার্যবিবরণী :


সভাপতি	:	জনাব শিদ্ধা দাস উপজেলা নির্বাহী অফিসার শৈলকুপা, ঝিনাইদহ
সভার তারিখ	:	০৬/০২/২০২৫ খ্রিঃ।
সময়	:	বিকাল ৩.৩০ ঘটিকা।
স্থান	:	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শৈলকুপা, ঝিনাইদহ।
উপস্থিত সদস্যগণের তালিকা	:	পরিশিষ্ট 'ক'

সভার শুরুতে সভাপতি জনাব শিদ্ধা দাস উপজেলা নির্বাহী অফিসার মহোদয় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় কমিটির সদস্য সচিব জনাব মোঃ সুলতান আলী, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত) গত মিটিং এর রেজুলেশন পাঠ করে শুনান এবং সর্বসম্মতিক্রমে তা অনুমোদিত হয়। তিনি সভার আলোচ্য বিষয় উপস্থাপন করেন।

- আলোচ্য সূচী :
০১. সমন্বিত উপবৃত্তি কার্যক্রমের সেমিনার সুষ্ঠুভাবে পরিচালনা সংক্রান্ত
 ০২. সকল শিক্ষা প্রতিষ্ঠানে মাদক ও আত্মহত্যার বিষয়ে সচেতনতা মূলক সেমিনারের আয়োজন
 ০৩. শিক্ষা প্রতিষ্ঠানে নিয়মিত পরিদর্শন জোরদারকরণ
 ০৪. সকল শিক্ষা প্রতিষ্ঠানে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন করা
 ০৫. বিবিধ।

শৈলকুপা উপজেলার ৯০টি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের সমন্বিত উপবৃত্তি কার্যক্রমের সেমিনার সুষ্ঠুভাবে পরিচালনা করা, শিক্ষা প্রতিষ্ঠানে মাদক ও আত্মহত্যার বিষয়ে সচেতনতা মূলক সেমিনারের আয়োজন, শিক্ষা প্রতিষ্ঠানে নিয়মিত পরিদর্শন জোরদারকরণ সকল শিক্ষা প্রতিষ্ঠানে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। এ সকল বিষয়ে উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানকে অবগত করা ও প্রতিষ্ঠান পরিদর্শনের সময় আলোচনা ও প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



জনাব শিদ্ধা দাস
উপজেলা নির্বাহী অফিসার
সভাপতি
মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কমিটি
শৈলকুপা, ঝিনাইদহ

স্মারক নং: উমাশিঅ/শৈল/২৫/ ২৩৫

তারিখ : ০৬/০২/২০২৫ খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো।

০১. উপজেলা নির্বাহী অফিসার, শৈলকুপা, ঝিনাইদহ;
০২. জেলা শিক্ষা অফিসার, ঝিনাইদহ;
০৩. ইউডিএফ, (UGDP), শৈলকুপা, ঝিনাইদহ;
০৪. চেয়ারম্যান/প্রশাসক,..... ইউনিয়ন পরিষদ, শৈলকুপা, ঝিনাইদহ;
০৫. অফিস কপি।

০৬/০২/২০২৫
মোঃ সুলতান আলী
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত)

ও
সদস্য সচিব
মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কমিটি
শৈলকুপা, ঝিনাইদহ।
ফোন : ০২৪৭৭-৭৪৯৮৯৭

শৈলকুপা উপজেলা পরিষদ এর মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কমিটির মিটিং এর হাজিরা

০৬/০২/২০২৫ খ্রি.

ক্রমিক	কমিটির সদস্যদের পদবী	স্বাক্ষর
০১	উপজেলা নির্বাহী অফিসার, শৈলকুপা	
০২	চেয়ারম্যান, সারুটিয়া ইউনিয়ন পরিষদ, শৈলকুপা	শৈলকুপা উপজেলা পরিষদ
০৩	চেয়ারম্যান, মনোহরপুর ইউনিয়ন পরিষদ, শৈলকুপা	
০৪	প্রশাসক, কাঁচেরকোল ইউনিয়ন পরিষদ, শৈলকুপা	
০৫	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (ভার), শৈলকুপা	 ০৬.০২.২০২৫